# ইউনিট ৪

# হাদীসের পরিচয় ও শিক্ষা

## ভূমিকা

*ইসলামী জীবনব্যবস্থার দ্বিতীয় উৎস হচ্ছে হাদীস। মহানবী হযরত মুহাম্মদ (স)-এর বাণী, কাজ ও অনুমোদনমূলক বাণী ও কাজকে হাদীস বলে। হাদীসের অপর নাম সুন্নাহ তথা রাসূলের জীবনাদর্শ। ইসলামের মূলনীতি সমূহ আল-কুরআনে সংক্ষেপে বর্ণিত আছে। রাসূলুল্লাহ (স) ঐ মূলনীতির ব্যাখ্যা দিয়েছেন এবং পূর্ণাঙ্গ জীবনব্যবস্থা রূপে বাস্তবায়ন করেছেন। রাসূলের প্রতিটি বাণী, কাজ ও জীবনাদর্শ ইসলামী শরীআতের বাস্তবরূপ। রাসূলের (স) হাদীস ছাড়া ইসলামী শরীআত পরিপূর্ণভাবে বুঝা ও বাস্তবায়ন করা সম্ভব নয়। কাজেই কুরআনের পাশাপাশি হাদীসের গুরুত্ব অপরিসীম। রাসূলুল্লাহ (স)-এর হাদীসের সংখ্যা অগণিত।*

*এই ইউনিটে নমুনাস্বরূপ রাসূলের কয়েকটি গুরুত্বপূর্ণ হাদীস ও তার শিক্ষা সম্পর্কে জানব।*

**এই ইউনিটের পাঠ সমূহ-**

*পাঠ-১ ঃ হাদীস নং-১ নিয়াত সম্পর্কিত হাদীস*
*পাঠ-২ ঃ হাদীস নং-২ ইসলামের বুনিয়াদ সম্পর্কিত হাদীস*
*পাঠ-৩ ঃ হাদীস নং-৩ কুরআন শিক্ষার মর্যাদা*
*পাঠ-৪ ঃ হাদীস নং-৪ মুনাফিকের নিদর্শন*
*পাঠ-৫ ঃ হাদীস নং-৫ বৃক্ষ রোপণ ও ফসল উৎপাদনের গুরুত্ব*
*পাঠ-৬ ঃ হাদীস নং-৬ সৃষ্টির প্রতি সদয় আচরণ*
*পাঠ-৭ ঃ হাদীস নং-৭ অত্যাচারের প্রতিরোধ ও মজলুমের সাহায্য*
*পাঠ-৮ ঃ হাদীস নং-৮ মুসলিমগণ পরস্পর ভাই ভাই*
*পাঠ-৯ ঃ হাদীস নং-৯ সৎ ব্যবসায়ীর প্রতিফল*
*পাঠ-১০ ঃ হাদীস নং-১০ মহান আল্লাহর প্রিয় দুটি বাক্য*

## পাঠ ১ হাদীস নং-১ [নিয়াত সম্পর্কিত হাদীস]

**উদ্দেশ্য**

এই হাদীস পড়ে আপনি-

- হাদীসটি বাংলায় অনুবাদ করতে পারবেন
- নিয়াতের গুরুত্ব সম্পর্কে বর্ণনা করতে পারবেন
- হাদীসের শিক্ষা সম্পর্কে বলতে পারবেন।

**৪.২.১**

إِنَّمَا الْأَعْمَالُ بِالنِّيَّاتِ (بُخَارِي)

**অনুবাদ :** মহানবী (স) বলেছেন, সকল কাজের ফলাফল নিয়াতের ওপর নির্ভরশীল। (বুখারী)

### ৪.২.২ শব্দের অর্থ

| আরবী | উচ্চারণ | শব্দার্থ |
|---|---|---|
| الْأَعْمَالُ | (আ'মালু) | কার্যাবলি |
| اَلنِّيَّاتُ | (আন-নিয়্যাতু) | পরিকল্পনা, বাসনা |

### ৪.২.৩ হাদীসের পটভূমি

এ হাদীসখানি সহীহ বুখারী শরীফের সর্বপ্রথম হাদীস। উম্মে কায়স নামক একজন স্ত্রী লোক ইসলাম কবুল করে মদীনায় হিজরত করে। তখন জনৈক ব্যক্তি তাকে বিবাহ করার জন্য মদীনায় হিজরত করে। হিজরতের সওয়াবের প্রতি তার খেয়াল ছিল না। তখন মহানবী এ হাদীসখানা বলেন।

### ৪.২.৪ হাদীসের শিক্ষা

মহানবী (স)-এর এই গুরুত্বপূর্ণ হাদীস থেকে আমরা শিক্ষা পাই যে–

১. ইবাদতের জন্য পূর্বশর্ত হচ্ছে নিয়াত করা।
২. সকল কাজের ভাল-মন্দ এবং গ্রহণযোগ্যতা ও অগ্রহণযোগ্যতা নিয়াতের উপর নির্ভরশীল।
৩. যে কোন কাজের সফলতা নিয়াতের উপর নির্ভরশীল।
৪. যে কোন ভাল কাজের নিয়াত করলে তাতে সাওয়াব মিলে।
৫. যে কোন ভাল কাজ খারাপ নিয়াত করলে তাতে সাওয়াব মিলে না।

## পাঠোত্তর মূল্যায়নঃ ৪.১

**সত্য-মিথ্যা নির্ণয় করুন –**

(ক) নিয়াতের উপর ভাল কাজের ফলাফল নির্ভরশীল।
(খ) হিজরতকারিনী মহিলার নাম উম্মে কায়স।
(গ) খারাপ উদ্দেশ্যে ভাল কাজ করলে তার ফল পাওয়া যাবে।
(ঘ) শুধু ভাল কাজের নিয়াত করলে সাওয়াব মিলে না।

**রচনামূলক প্রশ্ন**

১. হাদীসটি বাংলায় অনুবাদ করুন। (৪.২.১)
২. হাদীসের পটভূমি কী? (৪.২.৩)
৩. হাদীসটি থেকে কি শিক্ষা পাওয়া যায় ? (৪.২.৪)

## পাঠ ২ হাদীস নং-২ [ ইসলামের বুনিয়াদ সম্পর্কিত হাদীস ]

**উদ্দেশ্য**

এই হাদীস পড়ে আপনি-

- হাদীসটি বাংলায় অনুবাদ করতে পারবেন
- হাদীসটির বিষয়বস্তু বলতে পারবেন
- হাদীসটির শিক্ষা বর্ণনা করতে পারবেন।

بُنِيَ الْإِسْلَامُ عَلٰى خَمْسٍ- شَهَادَةِ أَنْ لَا إِلٰهَ إِلَّا اللّٰهُ وَأَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُوْلُهُ
وَ إِقَامِ الصَّلٰوةِ وَإِيْتَاءِ الزَّكٰوةِ وَالْحَجِّ وَصَوْمِ رَمَضَانَ (مُتَّفَقٌ عَلَيْهِ)

### ৪.৩.১ অনুবাদ

রাসূল (স:) ঘোষণা করেন, ইসলাম (ইসলাম জীবন বিধান) পাঁচটি ভিত্তির উপর প্রতিষ্ঠিত-

১. এ কথার সাক্ষ্য প্রদান করা যে, মহান আল্লাহ ব্যতীত আর কোন ইলাহ্ (মাবুদ-মনিব) নেই এবং অবশ্যই হযরত মুহাম্মদ (স:) তাঁর বান্দা ও প্রেরিত রাসূল।

২. সালাত (নামায) প্রতিষ্ঠা করা,

৩. যাকাত প্রদান করা,

৪. হজ্জ পালন করা এবং

৫. রমযান মাসের রোযা পালন করা।

(মুত্তাফাকুন আলইহি) অর্থাৎ ইমাম বুখারী ও মুসলিম (র) একই বর্ণনাকারী হতে হাদীসখানি সংকলন করেছেন)

### ৪.৩.২ শব্দার্থ

| আরবি | উচ্চারণ | শব্দার্থ |
|---|---|---|
| بُنِيَ | (বুনিয়া) | ভিত্তি স্থাপিত হয়েছে। |
| اَلْإِسْلَامُ | (আল-ইসলামু) | ইসলাম। |
| عَلٰى | (আলা) | উপর। |
| خَمْسٍ | (খামসিন) | পাঁচ। |
| اَللّٰهُ | (আল্লাহু) | আল্লাহ। |
| وَ | (ওয়া) | এবং। |
| أَنَّ | (আন্না) | নিশ্চয়। |
| مُحَمَّدًا | (মুহাম্মাদান) | মুহাম্মদ (স:)। |
| عَبْدُ | (আবদু)- | বান্দা |
| هُ | (হু) | তাঁর। |
| وَ | (ওয়া) | এবং। |
| إِقَامَةٌ | (ইক্বামাতুন) | কায়েম করা, প্রতিষ্ঠা করা। |
| شَهَادَةٌ | (শাহাদাতু) | সাক্ষ্য দেওয়া। |
| أَنْ | (আন) | যে। |
| لَا | (লা) | না। |
| إِلٰهَ | (ইলাহী) | ইলাহ। |
| إِلَّا | (ইল্লা) | ব্যতীত। |

| আরবি | উচ্চারণ | শব্দার্থ |
|---|---|---|
| اَلصَّلَاةُ | (আস্‌সালাতু) | নামায। |
| وَ | (ওয়া) | এবং। |
| اِيْتَاءِ | (ইতাই) | প্রদান করা। |
| اَلزَّكَاةُ | (আয-যাকাতি) | যাকাত। |
| وَ | (ওয়াও) | এবং |
| اَلْحَجِّ | (আল-হাজ্জি) | হাজ্জ |
| وَ | (ওয়া) | এবং |
| رَمَضَانَ | (রামাদান) | রমযান। |

### ৪.৩.৩ হাদীসের বিষয়বস্তু

এ হাদীসে নবী করীম (স:) ইসলামকে পাঁচটি খুঁটির ভিত্তির উপর স্থাপিত এক তাঁবু-ঘরের সাথে তুলনা করেছেন। ইসলামের প্রথম কথা হলো- জীবনের সর্বক্ষেত্রে আল্লাহর প্রভুত্ব ও সার্বভৌমত্ব স্বীকার করা। এর পর প্রত্যেক দিন ২৪ ঘন্টার মধ্যে পাঁচটি নির্দিষ্ট সময়ে পাঁচবার সালাত প্রতিষ্ঠা করা প্রত্যেক মুসলমানের কর্তব্য। ইসলামে সালাতের পরই যাকাতের স্থান। তারপর সামর্থ্যবান হলে কা'বা শরীফে উপস্থিত হয়ে একবার জীবনে হজ্জব্রত পালন করা। ধনী-গরিব নির্বিশেষে সকলের জন্য আনুগত্য প্রকাশের আরেকটি ইবাদত হল সিয়াম পালন বা রোযা রাখা।

### ৪.৩.৪ এ হাদীসের শিক্ষা

এ হাদীস থেকে আমরা শিক্ষা পাই, ইসলাম একটি ব্যাপকার্থক শব্দ। তবে এর প্রধান অর্থ-আনুগত্য ও আত্মসমর্পণ করা। আর একজন মানুষ সাধারণত পাঁচটি পন্থায় এর প্রকাশ ঘটাতে পারে।

১. মৌখিকভাবে আনুগত্য প্রকাশ করার প্রতীক হলো কালিমা বা তাওহীদ ও রিসালাতের সাক্ষ্য প্রদান করা।
২. কায়িক পরিশ্রমের মাধ্যমে আনুগত্য প্রকাশ করার প্রতীক হলো সালাত।
৩. অর্থ ব্যয়ের মাধ্যমে আনুগত্য প্রকাশের প্রতীক হলো যাকাত।
৪. দৈহিক পরিশ্রম ও অর্থ ব্যয়ের মাধ্যমে আনুগত্য প্রকাশের প্রতীক হল হাজ্জ।
৫. বান্দা তার আনুগত্য প্রমাণের জন্য কোন কাজ থেকে বিরত থাকবে, আর তার প্রতীক হল সাওম-রোযা পালন করা।

## পাঠোত্তর মূল্যায়ন : ৪.২

**সঠিক উত্তরের পাশে টিক (✓) চিহ্ন দিন।**

(ক) ইসলামের ভিত্তি কয়টি?
১. ৪টি  ২. ৫টি  ৩. ৬টি  ৪. ৭টি

(খ) ইসলামের তৃতীয় স্তম্ভ হচ্ছে-
১. কালিমা  ২. রোযা  ৩. যাকাত  ৪. হজ্জ

(গ) কায়িক পরিশ্রমে আনুগত্য প্রকাশের মাধ্যম হল-
১. হজ্জ  ২. যাকাত  ৩. সাওম  ৪. নামায

(ঘ) মুত্তাফাকুন আলাইহি হাদীস বলতে বুঝায়– যে হাদীস-
১. বুখারী বর্ণনা করেছেন।  ২. ইমাম মুসলিম সংকলন করেছেন।
৩. বুখারী ও মুসলিম একই বর্ণনাকারী হতে সংকলন করেছেন।  ৪. তাঁদের কেউ সংকলন করেন নাই।

**রচনামূলক প্রশ্ন**

১. এ হাদীসের অনুবাদ করুন। (৪.৩.১)
২. এ হাদীসটির শিক্ষা লিখুন। (৪.৩.৪)
৩. এ হাদীসের বিষয়বস্তু কী? (৪.৩.৩)

## পাঠ ৩ হাদীস নং-৩ [কুরআন শিক্ষার মর্যাদা]

**উদ্দেশ্য**

এই হাদীস পড়ে আপনি-

- হাদীসটি অনুবাদ করতে পারবেন।
- হাদীসের শিক্ষা বলতে পারবেন।
- হাদীসের বিষয়বস্তু বর্ণনা করতে পারবেন।

خَيْرُكُمْ مَنْ تَعَلَّمَ الْقُرْآنَ وَعَلَّمَهُ (اِبْنِ مَاجَةٌ)

### ৪.৪.১ অনুবাদ

মহানবী (স) বাণী প্রদান করেছেন- তোমাদের মধ্যে ঐ ব্যক্তিই উত্তম, যে নিজে কুরআন শিখেছে এবং তা অপরকে শিক্ষা দিয়েছে। (ইমাম ইবনে মাজাহ (র) হাদীসটি সংকলন করেছেন)

### ৪.৪.২ শব্দের অর্থ

| আরবি | উচ্চারণ | শব্দার্থ |
|---|---|---|
| خَيْرٌ | (খাইরুন) | উত্তম, উৎকৃষ্ট। |
| كُمْ | (কুম) | তোমাদের (সর্বনাম)। |
| مَنْ | (মান) | যে ব্যক্তি। |
| تَعَلَّمَ | (তা' আল্লামা) | শিখেছে। |
| قُرْآنٌ | (কুর'আন) | কুরআন শরীফ। |
| عَلَّمَ | (আল্লামা) | শিক্ষা দিয়েছে। |
| هُ | (হু) | সেটা |

### ৪.৪.৩ হাদীসের বিষয়বস্তু

কুরআন মাজীদ বিশ্বমানবতার প্রতি আল্লাহর মহান নিয়ামত। আল-কুরআন মানব জাতির জন্য জীবন বিধান। তাই কুরআন মাজীদ শিক্ষা করা ও অপরকে শিক্ষা দেয়ার ফযিলত অপরিসীম। আলোচ্য হাদীসে মহানবী (স:) সে দিকেই ইংগিত করেছেন।

### ৪.৪.৪ হাদীসের শিক্ষা

এই হাদীস থেকে আমরা শিক্ষা পাই-

১. কুরআন মানব জাতির জ্ঞান-বিজ্ঞানের উৎস।

২. এটা মানব জাতির পথ প্রদর্শক।

৩. কুরআন শিক্ষার্থীর মর্যাদা অন্য শিক্ষার্থীর মর্যাদার তুলনায় অধিক।

৪. কুরআনের শিক্ষকই হচ্ছেন সমাজের মধ্যে শ্রেষ্ঠ শিক্ষক।

## পাঠোত্তর মূল্যায়নঃ ৪.৩

**শূন্যস্থান পূরণ করুন।**

১. ........... ...... শব্দের অর্থ ..................... ।

২. মানব জাতির জীবন বিধান ..................... ।

৩. কুরআনের শিক্ষক সমাজের ..................... ।

৪. কুরআন ..................... পথ প্রদর্শনক।

**রচনামূলক প্রশ্নের উত্তর**

১. এ হাদীসটি অনুবাদ করুন। (৪.৪.১)

২. এ হাদীসের বিষয়বস্তু আলোচনা করুন। (৪.৪.৩)

৩. এ হাদীসের শিক্ষা লিখুন। (৪.৪.৪)

# পাঠ ৪ হাদীস নং-৪

**উদ্দেশ্য**

এই হাদীস পড়ে আপনি-

- হাদীসটি বাংলায় অনুবাদ করতে পারবেন
- মুনাফিকের আলামত বর্ণনা করতে পারবেন
- আমানতের গুরুত্ব বলতে পারবেন
- হাদীসের প্রতিটি শব্দের অর্থ বলতে পারবেন
- হাদীসের শিক্ষা বর্ণনা করতে পারবেন।

آيَةُ الْمُنَافِقِ ثَلَاثٌ إِذَا حَدَّثَ كَذَبَ وَإِذَا وَعَدَ أَخْلَفَ وَإِذَا اؤْتُمِنَ خَانَ- (مُتَّفَقٌ عَلَيْهِ)

## ৪.৫.১ অনুবাদ

মহানবী (স) বলেন- মুনাফিকের চিহ্ন তিনটি। যখন সে কথা বলে মিথ্যা বলে, কোন প্রতিশ্রুতি দিলে তা ভঙ্গ করে এবং তার কাছে কোন কিছু আমানত রাখা হলে সে তার খিয়ানত করে। (ইমাম বুখারী ও মুসলিম (র) হাদীসটি বর্ণনা করেছেন)

## ৪.৫.২ শব্দের অর্থ

| আরবি | উচ্চারণ | শব্দার্থ |
|---|---|---|
| آيَةٌ | (আয়াতুন) | চিহ্ন। |
| مُنَافِقٌ | (মুনাফিকুন) | কপট। |
| ثَلَاثٌ | (ছালাছুন) | তিন। |
| حَدَّثَ | (হাদ্দাছা) | কথা বলে। |
| كَذَبَ | (কাযাবা) | মিথ্যা বলে। |
| وَعَدَ | (ওয়াদা) | প্রতিশ্রুতি প্রদান করে। |
| أَخْلَفَ | (আখলাফা) | ভঙ্গ করে। |
| إِذَا | (ইযা) | যখন। |
| أُوْتُمِنَ | (উতুমিনা) | গচ্ছিত রাখা হলে। |
| خَانَ | (খানা) | খিয়ানত করে। |

## ৪.৫.৩ হাদীসের বিষয়বস্তু

আলোচ্য হাদীসে মুনাফিকের লক্ষণ বলে দেয়া হয়েছে। এর দ্বারা যেমন মুনাফিক কে তা জানতে পারা যায়, তেমনি কি ধরনের কাজ করলে মুনাফিকী প্রকাশ পায় তাও জানা যায় এবং আর তা থেকে বেঁচে থাকার শিক্ষা গ্রহণ করা যায়।

## ৪.৫.৪ হাদীসের শিক্ষা

আমরা এই হাদীস থেকে শিক্ষা পাই- একজন মুনাফিককে চেনার উপায় তিনটি-

- যখনই সে কথা বলে, মিথ্যা কথা বলে, প্রকৃত ব্যাপারের বিপরীত কিছু বুঝিয়ে দেয়া তার অভ্যাস।

- যখন সে ওয়াদা করে, সে ওয়াদা পূরণ করে না।
- মুনাফিকের কাছে যখন কোন আমানত রাখা হয় তখন তা সে খেয়ানত করে। আমানত যা-ই হোক না কেন, তা কোন জিনিস হোক কিংবা কোন প্রকাশ- অযোগ্য কথা, সে বিশ্বাসঘাতকতা করে থাকে।

## পাঠোত্তর মূল্যায়ন : ৪.৪

**সঠিক উত্তরে টিক (✓) চিহ্ন দিন।**

(ক) মুনাফিকের আলামত কয়টি?

১. ২টি ২. ৩টি ৩. ৪টি ৪. ৫টি।

(খ) খিয়ানত শব্দের অর্থ কি?

১. কথা বলা ২. খেয়ানত করা ৩. ভঙ্গ করা ৪. কপট।

(গ) মুনাফিক যখন কথা বলে, তখন কি করে?

১. সত্য বলে ২. মিথ্যা বলে ৩. সত্য-মিথ্যা উভয়টা বলে ৪. কোনটাই বলে না।

**সংক্ষিপ্ত উত্তর-প্রশ্ন**

১. হাদীসটি বাংলায় অনুবাদ করুন। (৪.৫.১)

২. হাদীসের বিষয়বস্তু কি আলোচনা করুন। (৪.৫.৩)

৩. মুনাফিকের আলামতগুলো লিখুন। (৪.৫.৪)

## পাঠ ৫ হাদীস নং-৫ [বৃক্ষ-রোপণ ও ফসল উৎপাদনের গুরুত্ব ]

**উদ্দেশ্য**

এই হাদীস পড়ে আপনি-

- হাদীসটি বাংলায় অনুবাদ করতে পারবেন
- হাদীসের প্রতিটি শব্দের অর্থ বলতে পারবেন
- হাদীসটির গুরুত্ব ও শিক্ষা বর্ণনা করতে পারবেন
- হাদীসের আলোকে কৃষির গুরুত্ব বর্ণনা করতে পারবেন
- বৃক্ষ রোপণের গুরুত্ব বলতে পারবেন
- পশু-পাখিদের প্রতি মানুষের কর্তব্য কি লিখতে পারবেন।

مَا مِنْ مُسْلِمٍ يَغْرِسُ غَرْسًا اَوْ يَزْرَعُ زَرْعًا فَيَأْكُلُ مِنْهُ اِنْسَانٌ اَوْ طَيْرٌ اَوْ بَهِيْمَةٌ
اِلاَّ كَانَتْ لَهُ صَدَقَةٌ (مُتَّفَقٌ عَلَيْهِ)

### ৪.৬.১ অনুবাদ

কোন মুসলমান যদি গাছ রোপণ করে অথবা কোন ফসল আবাদ করে এবং তা থেকে কোন মানুষ বা পাখি অথবা চতু□দ জন্তু ভক্ষণ করে, তবে তা তার জন্য সাদকা বা দানরূপে পরিগণিত হয়।

(ইমাম বুখারী ও মুসলিম (র) হাদীসটি বর্ণনা করেছেন)

### ৪.৫.২ শব্দার্থ

| আরবি | উচ্চারণ | শব্দার্থ |
|---|---|---|
| مَا | (মা) | যে, যে কেউ। |
| مِنْ | (মিন) | হতে, থেকে। |
| مُسْلِمٍ | (মুস্লিমিন) | মুসলিম, মুসলমান। |
| غَرْسًا | (গারাছান) | বৃক্ষ রোপণ |
| زَرْعًا | (যারআন) | ফসল, শস্য। |
| مِنْهُ | (মিনহু) | তা হতে। |
| كَانَتْ | (কানাত) | পরিগণিত হয় |
| لَهُ | (লাহু) | তার জন্য। |
| يَغْرِسُ | (ইয়াগরুছু) | বৃক্ষ রোপণ করে। |
| يَزْرَعُ | (ইয়াযরাউ) | চাষ করে, আবাদ করে। |

| আরবি | উচ্চারণ | শব্দার্থ |
|---|---|---|
| يَأْكُلُ | (ইয়াকুলু) | ভক্ষণ করে। |
| طَيْرٌ | (ত্বইরুন) | পাখি। |
| اِنْسَانٌ | (ইনসানুন) | মানুষ। |
| بَهِيْمَةٌ | (বাহীমাতুন) | চতু□দ জন্তু। |
| صَدَقَةٌ | (সাদাকাতুন) | সাদকা, দান। |

### ৪.৫.৩ হাদীসের বিষয়বস্তু

আলোচ্য হাদীসে মহান আল্লাহ শ্রমের মর্যাদা, বৃক্ষ রোপণ এবং কৃষিকাজের গুরুত্ব বর্ণনা করেছেন এবং সৃষ্টি জীবের প্রতি মানব জাতির দায়িত্ব-কর্তব্য সম্পর্কে আলোকপাত করেছেন।

### ৪.৫.৪ হাদীসের শিক্ষা

এ হাদীস থেকে শিক্ষা পাওয়া যায়-

১. এ হাদীসে শ্রমের প্রতি উৎসাহ দেওয়া হয়েছে এবং বলা হয়েছে মানুষের কোন শ্রম বৃথা যায় না।

২. গাছ লাগানো একটি পবিত্র কাজ। নিজে ভোগ করা বড় কথা নয়। অপরে ভোগ করলেও এর সাওয়াব পাওয়া যাবে।

৩. কৃষি কাজ পুণ্যের কাজ। কৃষি কাজের মাধ্যমে আমরা বিভিন্ন ফসল ফলাতে পারি।

৪. মানুষ সৃষ্টির সেরা জীব এবং আল্লাহর প্রতিনিধি। প্রতিনিধি হিসেবে পশু, পাখি এবং অন্যান্য সৃষ্টি জীবের উপযোগী পরিবেশ সংরক্ষণ করা মানুষের দায়িত্ব।

## পাঠোত্তর মূল্যায়ন ঃ ৪.৫

**সঠিক উত্তরে টিক (✓) চিহ্ন দিন।**

(ক) আল্লাহর প্রতিনিধি কারা ?

১. জিন জাতি ২. ফেরেশতাগণ ৩. মানুষ ৪. নবীগণ।

(খ) গাছ লাগানো কি ধরনের কাজ?

১. ব্যবসায়ের কাজ ২. পবিত্র কাজ ৩. ব্যক্তিগত কাজ ৩. আবাদী জমি নষ্টের কাজ।

(গ) বাহীমাতুন শব্দের অর্থ কি?

১. গাছ লাগানো ২. ফসল ৩. পাখি ৪. চতুষ্পদ জন্তু।

**সংক্ষিপ্ত উত্তর-প্রশ্ন**

১. হাদীসখানি বাংলায় অনুবাদ করুন। (৪.৫.১)

২. এ হাদীসের শিক্ষা কী? (৪.৫.৪)

৩. এ হাদীসের বিষয়বস্তু কী? (৪.৫.৩)

## পাঠ ৬ হাদীস নং-৬ [ সৃষ্টির প্রতি সদয় আবরণ]

**উদ্দেশ্য**

এই হাদীস পড়ে আপনি-

- পরিবার-পরিজনের প্রতি অনুগ্রহের গুরুত্ব বর্ণনা করতে পারবেন
- আল্লাহর সৃষ্টিকুলের প্রতি উদারতার তাৎপর্য বলতে পারবেন
- হাদীসটি বাংলায় অনুবাদ করতে পারবেন
- হাদীসের প্রতিটি শব্দের অর্থ বলতে পারবেন
- হাদীসের শিক্ষা বর্ণনা করতে পারবেন।

اَلْخَلْقُ عِيَالُ اللهِ فَاَحَبُّ الْخَلْقِ اِلَى اللهِ مَنْ اَحْسَنَ اِلَى عِيَالِهِ- (بَيْهَقِى)

### ৪.৭.১ অনুবাদ

গোটা সৃষ্টি আল্লাহর পরিজন। অতএব আল্লাহ তায়ালার নিকট সে ব্যক্তি সবচেয়ে বেশি প্রিয়, যে তার পরিজনের প্রতি অধিক অনুগ্রহশীল। (ইমাম বায়হাকী (র) হাদীসটি সংকলন করেছেন)

### ৪.৭.২ শব্দের অর্থ

| আরবি | উচ্চারণ | শব্দার্থ |
|---|---|---|
| اَلْخَلْقُ | (আল-খালকু) | মাখলুক, সমগ্র সৃষ্টি। |
| عِيَالٌ | (ইয়ালুন) | পরিজন, আপনজন। |
| اَحَبُّ | (আহাব্বু) | সর্বাধিক প্রিয়। |
| اِلَى اللهِ | (ইলাল্লাহি) | আল্লাহর নিকট। |
| اَحْسَنَ | (আহসান) | অনুগ্রহ করলেন। |
| اِلَى | (ইলা) | প্রতি। |
| مَنْ | (মান) | যে। |
| عِيَالِهِ | (ইয়ালিহি) | তার পরিজন। |

### ৪.৭.৩ হাদীসের শিক্ষা

এ হাদীস থেকে আমরা শিক্ষা পাই-

১. নিখিল সৃষ্টি আল্লাহর পরিজন। কারণ আল্লাহ এ সবের সৃষ্টিকর্তা ও প্রতিপালনকারী।

২. সৃষ্টির সকলকে তিনি সমান করে তৈরি করেননি।

৩. সৃষ্টির সেবা করার মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি পাওয়া যায়।

৪. জড়-অজড় সকল সৃষ্টিরই সেবা করা উচিত। এর মধ্যে প্রথমে মানুষের প্রতি সদয় হতে হবে। অতপর জীব-জন্তু, পশু–পাখি, কীট-পতঙ্গ, উদ্ভিদরাজি, বাকহীনদের সাথে উদার ব্যবহার করতে হবে।

## পাঠোত্তর মূল্যায়নঃ ৪.৬

**শূন্যস্থান পূরণ করুন।**

১. সৃষ্টি জীবের প্রতি ..................... হতে হবে।

২. عِيَال শব্দের অর্থ .....................।

৩. গোটা সৃষ্টি আল্লাহর .....................।

৪. হাদীসটি সংকলন করেছেন .....................।

৫. ................ করার মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি পাওয়া যায়।

**সংক্ষিপ্ত উত্তর-প্রশ্ন**

১. হাদীসটি বাংলায় অনুবাদ করুন। (৪.৭.১)

২. এ হাদীসের শিক্ষা ও বিষয়বস্তু লিখুন। (৪.৭.৩)

## পাঠ ৭ হাদীস নং-৭ [অত্যাচারের প্রতিরোধ ও মজলুমের সাহায্য]

**উদ্দেশ্য**

এই পাঠ পড়ে আপনি-

- অত্যাচারিতকে সাহায্য করার গুরুত্ব বলতে পারবেন
- অত্যাচারিতকে সাহায্য করার তাৎপর্য বর্ণনা করতে পারবেন
- হাদীসটি বাংলায় অনুবাদ করতে পারবেন
- হাদীসের প্রতিটি শব্দের অর্থ বর্ণনা করতে পারবেন
- হাদীসটির শিক্ষা বর্ণনা করতে পারবেন।

اُنْصُرْ اَخَاكَ ظَالِمًا اَوْ مَظْلُوْمًا اِنْ يَكُ ظَالِمًا فَارْدُدْهُ
عَنْ ظُلْمِهِ وَاِنْ يَكُ مَظْلُوْمًا فَانْصُرْهُ (دَارِمِى)

### ৪.৮.১ অনুবাদ

তুমি তোমার ভাইয়ের সাহায্য কর, হোক সে অত্যাচারী কিংবা অত্যাচারিত। যদি সে অত্যাচারী হয়, তবে তাকে অত্যাচার করা হতে বিরত রাখো। আর যদি অত্যাচারিত হয় তবে তাকে সাহায্য কর অর্থাৎ জালেমের জুলুম হতে রক্ষা কর। (হাদীসটি ইমাম দারিমী (র) বর্ণনা করেছেন)

### ৪.৮.২ শব্দের অর্থ

| আরবি | উচ্চারণ | শব্দার্থ |
|---|---|---|
| اُنْصُرْ | (উনছুর) | সাহায্য কর, অনুগ্রহ কর। |
| اَخَاكَ | (আখাকা) | তোমার ভাই, তোমার বন্ধু। |
| ظَالِمٌ | (যালিমুন) | অত্যাচারী। |
| مَظْلُوْمٌ | (মাযলুমুন) | অত্যাচারিত। |
| اِنْ | (ইন) | যদি। |
| يَكُ | (ইয়াকু) | হয়। |
| فَارْدُدْهُ | (ফারদুদহু) | অতএব তাকে বিরত রাখ। |
| ظُلْمٌ | (যুলমুন) | অত্যাচার। |

### ৪.৮.৩ হাদীসের বিষয়বস্তু

মহানবী (স)-এর নির্দেশ হচ্ছে কোন লোক অত্যাচার করলে তাকে যথাশক্তি প্রয়োগে প্রতিরোধ কর। তাকে জুলুম ও অত্যাচার করতে দিও না। মজলুম ও অত্যাচারিত তথা উৎপীড়িত ব্যক্তিকে অত্যাচারীর কবল থেকে রক্ষা কর। বস্তুত জুলুম এমন একটি অন্যায় ও জঘন্য অপরাধ যা ইসলামী জীবন দর্শনে সম্পূর্ণ নিষিদ্ধ। সুতরাং কোন ব্যক্তি যদি কারো প্রতি কোনরূপ জুলুম-অত্যাচার করে তবে আমাদের উচিত অত্যাচারীকে বাধা দেয়া এবং অত্যাচারিত ব্যক্তিকে যথাসাধ্য সাহায্য করা।

### ৪.৮.৩ হাদীসের শিক্ষা

এ হাদীস থেকে আমরা যে সব শিক্ষণীয় বিষয় পাই তা হচ্ছে-

১. জালেম ও সন্ত্রাসীকে প্রতিহত করা ঈমানী দায়িত্ব।
২. কারও প্রতি জুলুম করা হতে বিরত থাকতে হবে।
৩. অত্যাচারী বা জালিমকে অত্যাচার করতে দেয়া যাবে না।
৪. অত্যাচারীর বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলা।
৫. অত্যাচারীকে জুলুম থেকে বাধা দিয়ে সুপথে নিয়ে আসতে হবে।
৬. মজলুম বা অত্যাচারিতের পক্ষাবলম্বন করা।
৭. মজলুম মানবতার অধিকার আদায়ে সোচ্চার হওয়া ও তাদের সাহায্যে এগিয়ে আসা।
৮. অত্যাচারীকে অত্যাচার থেকে বাধা দিয়ে সৎপথে নিয়ে আসা ঈমানী দায়িত্ব।

## পাঠোত্তর মূল্যায়নঃ ৪.৭

**শূন্যস্থান পূরণ করুন**

১. অত্যাচারীকে ..................... করতে হবে।
২. জালেমের জুলুম থেকে ..................... রক্ষা করতে হবে।
৩. সন্ত্রাস প্রতিহত করা ..................... দায়িত্ব।
৪. ..................... বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে হবে।
৫. ..................... একটি জঘন্য অপরাধ।

**রচনামূলক প্রশ্ন**

১. হাদীসটির শিক্ষা লিখুন। (৪.৮.৩)
২. হাদীসের বিষয়বস্তু আলোচনা করুন। (৪.৮.৩)
৩. হাদীসটি বাংলায় অনুবাদ করুন। (৪.৮.১)

## পাঠ ৮ হাদীস নং-৮ [মুসলিমগণ পরস্পর ভাই ভাই]

**উদ্দেশ্য**

এই পাঠ পড়ে আপনি-

- এ হাদীস থেকে গুরুত্বপূর্ণ শিক্ষা বর্ণনা করতে পারবেন
- হাদীসটি বাংলায় অনুবাদ করতে পারবেন
- এ হাদীসের প্রতিটি শব্দের অর্থ বলতে পারবেন
- মুসলিমের পারস্পরিক কর্তব্য সম্পর্কে বর্ণনা করতে পারবেন
- পরস্পরের প্রতি সহমর্মিতা সম্পর্কে বলতে পারবেন।

اَلْمُسْلِمُ اَخُو الْمُسْلِمِ لَا يَظْلِمُهُ وَلَا يُسْلِمُهُ وَمَنْ كَانَ فِيْ حَاجَةِ اَخِيْهِ كَانَ اللّٰهُ
فِيْ حَاجَتِهِ- (مُتَّفَقٌ عَلَيْهِ)

### ৪.৯.১ অনুবাদ

মহানবী (স:) বলেন- এক মুসলমান অপর মুসলমানের ভাই। সে না তার উপর জুলুম করতে পারে আর না তাকে শত্রুর হাতে সোপর্দ করতে পারে। যে ব্যক্তি তার মুসলিম ভাইয়ের প্রয়োজন পূরণে সচেষ্ট হয়, আল্লাহ তায়ালা তার প্রয়োজন পূরণ করে দেন। (হাদীসটি ইমাম বুখারী ও মুসলিম (র) বর্ণনা করেছেন)।

### ৪.৯.২ শব্দের অর্থ

| আরবি | উচ্চারণ | শব্দার্থ |
|---|---|---|
| اَلْمُسْلِمُ | (আল-মুসলিমু) | মুসলিম, মুসলমান |
| اَخٌ | (আখুন) | ভাই |
| لَا يَظْلِمُ | (লা ইউযলিমু) | অত্যাচার করে না। |
| لَا يُسْلِمُ | (লা ইউসলিমু) | তাকে সোপর্দ করে না। |
| حَاجَةٌ | (হাজাতুন) | প্রয়োজন। |

### ৪.৯.৩ বিষয়বস্তু

মহানবী (স:) মুসলিম জাতিকে লক্ষ্য করে ঘোষণা করেন– মুসলমানগণ পরস্পর ভাই ভাই। এক মুসলমানের কর্তব্য হচ্ছে অপর মুসলমানকে বিপদে-আপদে সাহায্য করা। তাই কোন মুসলমান অপর মুসলমানের উপর অত্যাচার করতে পারে না। তাকে দুশমনের হাতে ছেড়ে দিতে পারে না। সকল অবস্থায় তার সাহায্যে এগিয়ে আসতে হবে।

### ৪.৯.৪ হাদীসের শিক্ষা

এ হাদীস থেকে আমরা যে শিক্ষা পাই-

১. মুসলমানগণ পরস্পর ভাই ভাই।

২. এক মুসলমান অপর মুসলমান ভাইয়ের উপর অত্যাচার করতে পারে না।

৩. অথবা তাকে শত্রুর নিকট ছেড়ে দিতে পারে না।

৪. সর্বদা মুসলমান ভাইয়ের সাহায্যে এগিয়ে আসতে হবে।

৫. তাহলে আল্লাহর সাহায্য পাওয়া যায়।

## পাঠোত্তর মূল্যায়নঃ ৪.৮

**শূন্যস্থান পূরণ করুন**

(ক) মুসলমান ..................... অত্যাচার করতে পারে না।

(খ) حاجة শব্দের অর্থ .....................।

(গ) মুসলমানকে শত্রুর হাতে ..................... করা যাবে না।

(ঘ) এক মুসলমান অপর মুসলমানের .....................।

**রচনামূলক প্রশ্ন**

১. এ হাদীসটির শিক্ষা কী? (৪.৯.৪)

২. হাদীসটি বাংলায় অনুবাদ করুন। (৪.৯.১)

৩. হাদীসের বিষয়বস্তু কী আলাচনা করুন? (৪.৯.৩)

## পাঠ ৯ হাদীস নং-৯ [ সৎ ব্যবসায়ীর প্রতিফল]

**উদ্দেশ্য**

এই হাদীস পড়ে আপনি-

- হাদীসটি বাংলায় অনুবাদ করতে পারবেন
- হাদীসের প্রতিটি শব্দের অর্থ বলতে পারবেন
- সৎ ব্যবসায়ের গুরুত্ব উল্লেখ করতে পারবেন
- হাদীসটির শিক্ষা বলতে পারবেন।

اَلتَّاجِرُ الْاَمِيْنُ الصَّدُوْقُ الْمُسْلِمُ مَعَ الشُّهَدَاءِ يَوْمَ الْقِيَامَةِ-

### ৪.১০.১ অনুবাদ

মহানবী (স:) বলেন- বিশ্বস্ত সত্যবাদী মুসলিম ব্যবসায়ী কিয়ামতের দিন শহীদদের সাথে থাকবে। (হাদীসটি ইমাম হাকেম (র) বর্ণনা করেছেন)

### ৪.১০.২ শব্দের অর্থ

| আরবি | উচ্চারণ | শব্দার্থ |
|---|---|---|
| اَلتَّاجِرُ | (আততাজিরু) | ব্যবসায়ী, বণিক |
| اَلْاَمِيْنُ | (আল-আমীনু) | বিশ্বস্ত। |
| صَدُوْقٌ | (ছাদুকুন) | সত্যবাদী। |
| شَهِيْدٌ | (শাহীদুন) | শাহাদতবরণ কারী। |
| يَوْمٌ | (ইয়াউমুন) | দিবস। |

### ৪.১০.৩ হাদীসের শিক্ষা

এ হাদীসে মহানবীয় (স:) ব্যবসা-বাণিজ্যে সততা বিশ্বস্ততার প্রতি গুরুত্বারোপ করে এর পারলৌকিক পুরস্কারের প্রতি ইংগিত করেছেন।

হাদীসের ভাষ্যানুযায়ী বুঝা যায় যে, ব্যবসা–বাণিজ্য একটি পবিত্র পেশা। ব্যবসায়-বাণিজ্যে সততা ও বিশ্বস্ততা রক্ষা করে চলা কঠিন এবং তাই এটা বড় পুণ্যের ও কল্যাণের কাজ। যিনি বিশ্বস্ততার সাথে বৈধ বিবেচনা করে ব্যবসায়-বাণিজ্য পরিচালনা করেন, শেষ বিচারে তিনি বিশ্বস্ততার প্রতিদানস্বরূপ মহান শহীদগণের ন্যায় উচ্চ মর্যাদা ও সম্মানের অধিকারী হবেন। শহীদগণের সাথে পরম সুখময় অনন্ত শান্তিময় নিবাস জান্নাতে তাদের আবাসস্থল হবে। মানুষ সাধারণত অর্থলিপ্সু ও সীমাহীন লোভাতুর হয়ে ব্যবসায়-বাণিজ্য করে। তাই তারা মিথ্যা বলে এবং অধিক মুনাফার আশায় ক্রেতাকে প্রতারিত করে থাকে। অনেক ক্ষেত্রে বেশি লাভের কামনায় পণ্যে ভেজাল ও মাপ কম বেশি করে থাকে। এটা অন্যায় কাজ। তাই এরূপ অন্যায় ও অপরাধমূলক কার্যকলাপ হতে বিরত থাকার নির্দেশ দেয়া হয়েছে।

## পাঠোত্তর মূল্যায়নঃ ৪.৯

**সত্য-মিথ্যা নির্ণয় করুন–**

(ক) সৎ ব্যবসায়ী কিয়ামত দিবসে শহীদদের সাথে উপস্থিত হবে।

(খ) الامين শব্দের অর্থ ব্যবসায়ী।

(গ) মহানবী সৎ ব্যবসায়ের গুরুত্ব দিতেন।

(ঘ) ব্যবসায়-বাণিজ্য একটি পবিত্র পেশা।

(ঙ) সৎ ব্যবসায়ীগণ শহীদদের মত মর্যাদা পাবেন।

**রচনামূলক প্রশ্ন**

১. হাদীসটি বাংলায় অনুবাদ করুন। (৪.১০.১)

২. হাদীসটির শিক্ষা ও বিষয়বস্তু লিখুন। (৪.১০.৩)

## পাঠ ১০ হাদীস নং-১০ [মহান আল্লাহর প্রিয় দু'টি বাক্য]

**উদ্দেশ্য**

এই হাদীস পড়ে আপনি-

- হাদীসটি বাংলায় অনুবাদ করতে পারবেন
- হাদীসটির শিক্ষা বর্ণনা করতে পারবেন
- প্রতিটি শব্দের অর্থ বলতে পারবেন
- হাদীসের বেশি সাওয়াব পাওয়ার পদ্ধতি বর্ণনা করতে পারবেন
- হাদীসটির বিষয়বস্তু আলোচনা করতে পারবেন।

كَلِمَتَانِ حَبِيْبَتَانِ اِلَى الرَّحْمٰنِ خَفِيْفَتَانِ عَلَى اللِّسَانِ ثَقِيْلَتَانِ فِى الْمِيْزَانِ
سُبْحَانَ اللّٰهِ وَ بِحَمْدِهٖ سُبْحَانَ اللّٰهِ الْعَظِيْمِ-

### ৪.১১.১ অনুবাদ

মহানবী (স:) বলেন- এমন দুটি বাক্য আছে যা করুণাময় আল্লাহর কাছে খুবই প্রিয়, তা উচ্চারণ করতে খুবই সহজ এবং মীযানের পরিমাপে খুবই ভারী হবে। বাক্য দুটি হল, 'সুবহানাল্লাহি ওয়া বিহামদিহি, সুবহান্নাল্লাহিল আযীম।'

"মহা পবিত্র আল্লাহ, তাঁর জন্য সকল প্রশংসা। মহাপবিত্র আল্লাহ, তিনি মহামহিম।"

(হাদীসটি বুখারী শরীফে সংকলন করা হয়েছে)

### ৪.১১.২ শব্দার্থ

| আরবি | উচ্চারণ | শব্দার্থ |
|---|---|---|
| كَلِمَتَانِ | (কালিমাতানে) | দুটি বাক্য। (দ্বিবচন) এক বচনে كلمة |
| خَفِيْفَتَانِ | (খাফীফাতানে) | সহজ, এক বচনে خفيفة |
| لِسَانٌ | (লিসানুন) | জিহ্বা, মুখ। |
| ثَقِيْلَةٌ | (ছাকীলাতুন) | কঠিন, ভারী। |
| حَبِيْبَتَانِ | (হাবীবাতানে) | প্রিয়, (দ্বিবচন) এক বচনে حبيبة |
| اَلرَّحْمٰنُ | (আররহমানু) | পরম দয়ালু। |
| اَلْمِيْزَانُ | (আল-মীযানু) | দাঁড়িপাল্লা, ওজনের যন্ত্র |
| سُبْحَانَ | (ছুবহানা) | পবিত্রতা |
| بِحَمْدِهٖ | (বিহামদিহি) | তাঁর প্রসংশাসহ। |
| اَلْعَظِيْمُ | (আল-আযীমু) | মহান, অতীব মহান। |

### ৪.১১.৩ হাদীসের বিষয়বস্তু

মহানবী (স:) ঘোষণা করেছেন- এমন দুটো অতীব বরকত ও কল্যাণকর এবং মরতবা বিশিষ্ট বাক্য আছে– যা অত্যন্ত সংক্ষিপ্ত ও উচ্চারণে সহজ অথচ শেষ বিচারের দিন পাল্লা ভারী করার জন্য গুরুত্বপূর্ণ। এমন বাক্য দুটো হচ্ছে-

১. সুবহানাল্লাহি ওয়া বিহামদিহী এবং

২. সুবহানাল্লাহিল আযীম,

পুণ্যময় বাক্য দুটোতে করুণাময় মহান আল্লাহর মহিমা ঘোষণা করা হয়েছে।

### ৪.১১.৪ হাদীসের শিক্ষা

এই হাদীস থেকে যে শিক্ষা পাই-

মহান আল্লাহর পছন্দনীয় বাক্য দুটো সদা সর্বদা পাঠের মাধ্যমে যে ব্যক্তি সর্বক্ষণ মহান আল্লাহকে স্মরণে রাখবে এবং মনে-প্রাণে বিশ্বাস করবে যে, মহান আল্লাহ সর্বক্ষণ তার সকল কাজ দেখেন, তার দ্বারা আল্লাহর নির্দেশের পরিপন্থী কোন কাজ হতে পারে না।

## পাঠোত্তর মূল্যায়নঃ ৪.১০

### সঠিক উত্তরে টিক (✓) চিহ্ন দাও

(ক) لسان শব্দের অর্থ কি?

১. কঠিন ২. জিহ্বা ৩.. মহান ৪. নাক

(খ) দুটি গুরুত্বপূর্ণ বিষয়ের একটি হচ্ছে-

১. আর-রহ্মান ২. আল্লাহু মাবুদুন ৩. সুবহানাল্লাহিল আযীম

(গ) কিয়ামত দিবসে পুণ্যের পাল্লা ভারী করবে কয়টি বিষয়?

১. ১টি ২. ২টি ৩. ৩টি ৪. ৪টি।

### রচনামূলক প্রশ্ন

১. হাদীসটি বাংলায় অনুবাদ করুন। (৪.১১.১)

২. এ হাদীসটির শিক্ষা কী? (৪.১১.৪)

৩. এ হাদীসের বিষয়বস্তু কী ? (৪.১১.৩)

## চূড়ান্ত মূল্যায়ন ঃ ৪

### বিশদ উত্তর মূলক প্রশ্ন

১. হাদীস কাকে বলে? হাদীসের গুরুত্ব ও প্রকারভেদ লিখুন। (উত্তর সংকেত ৪.১.১ - ৪.১.৩)

২. নিয়াত সম্পর্কিত হাদীসের অনুবাদ করে এ হাসীদের শিক্ষা বর্ণনা করুন। (উত্তর সংকেত ৪.২.১ - ৪.২.৪)

৩. ইসলামের বুনিয়াদ সম্পর্কিত হাদীসের অনুবাদ করুন এবং এ হাদীসের বিষয়বস্তু ও শিক্ষা বর্ণনা করুন। (উত্তর সংকেত ৪.৩.১, ৪.৩.৩, ৪.৩.৪)

৪. কুরআন শিক্ষার মর্যাদা সম্পর্কিত হাদীসের অনুবাদ করে এ হাদীসের বিষয়বস্তু ও শিক্ষা লিখুন। (উত্তর সংকেত ৪.৪.১, ৪.৪.৩, ৪.৪.৪)

৫. মুনাফিকের নিদর্শন সম্পর্কিত হাদীসের অনুবাদ করুন এবং এর শিক্ষা লিখুন। (উত্তর সংকেত ৪.৫.১ - ৪.৫.৪)

৬. বৃক্ষ রোপণ ও ফসল উৎপাদনের গুরুত্ব বিষয়ক হাদীসটির অনুবাদ ও শিক্ষা লিখুন। (উত্তর সংকেত ৪.৬.১, ৪.৫.৪)

৭. সৃষ্টির প্রতি সদয় আচরণ বিষয়ক হাদীসের অনুবাদ ও শিক্ষা লিখুন। (উত্তর সংকেত ৪.৭.১, ৪.৭.৩)

৮. অত্যাচারের প্রতিরোধ ও মজলুমের সাহায্য বিষয়ক হাদীসের অনুবাদ করুন এবং এর শিক্ষা লিখুন। (উত্তর সংকেত ৪.৮.১ ও ৪.৮.৩)

৯. মুসলিমগণ পরস্পর ভাই ভাই বিষয়ক হাদীসের অনুবাদ ও শিক্ষা লিখুন। (উত্তর সংকেত ৪.৯.১, ৪.৯.৪)

১০. সৎ ব্যবসায়ীর প্রতিফল বিষয়ক হাদীসের অনুবাদ ও শিক্ষা বর্ণনা করুন। (উত্তর সংকেত ৪.১০.১, ৪.১০.৩)

১১. মহান আল্লাহর কাছে প্রিয় দুটি বাক্য কী? এ সম্পর্কিত হাদীসের অনুবাদ ও শিক্ষা লিখুন। (উত্তর সংকেত ৪.১১.১ - ৪.১১.৪)